

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৫১

আগরতলা, ১১ মার্চ, ২০২৬

আইজিএম হাসপাতালে কানের সফল অস্ত্রোপচার

রাজ্যে স্বাস্থ্য পরিষেবার ধারাবাহিক উন্নয়নের ফলে আগরতলা আইজিএম হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা নিষ্ঠার সঙ্গে জটিল রোগের উন্নত চিকিৎসা পরিষেবা প্রদান করে চলেছেন। বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে বহু রোগী বিনামূল্যে চিকিৎসায় সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসছেন। সম্প্রতি সেকেরকোট এলাকার ১৯ বছর বয়সী এক তরুণী দীর্ঘদিন ধরে ডান কানে তীব্র যন্ত্রণা ও নানা সমস্যায় ভুগছিলেন। বিষয়টি ক্রমশ গুরুতর আকার ধারণ করায় তিনি চিকিৎসকের শরণাপন্ন হন। বিভিন্ন স্থানে চিকিৎসা করিয়েও তিনি কোনও স্থায়ী সমাধান পাননি। ধীরে ধীরে সে ডান কানে শ্রবণশক্তি হারিয়ে ফেলে এবং মাঝে মাঝে মাথা ব্যথা ও তীব্র কানের ব্যথা শুরু হয়। পরবর্তীতে রোগিণীর অভিভাবকরা তাকে আগরতলার আইজিএম হাসপাতালের বহির্বিভাগে নিয়ে আসেন এবং ইএনটি ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ ডা. লক্ষণ ভট্টাচার্যের পরামর্শ নেন। চিকিৎসকের নির্দেশে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করা হয় এবং রিপোর্টে রোগিণীর ডান কানের বাইরের নালীতে সেরুমিনোমা নামক জটিল রোগ ধরা পড়ে।

আইজিএম হাসপাতালের ইএনটি ডিপার্টমেন্টের বিশেষজ্ঞ ডা. লক্ষণ ভট্টাচার্য জানান, এই সমস্যায় অস্ত্রোপচারের মাধ্যমেই কানের স্বাভাবিক কার্যক্ষমতা ফিরিয়ে আনা সম্ভব। সেই অনুযায়ী গত ৩ মার্চ রোগিণীকে আইজিএম হাসপাতালের ইএনটি ডিপার্টমেন্টে ভর্তি করা হয় এবং গত ৫ মার্চ সফলভাবে অস্ত্রোপচার সম্পন্ন করা হয়। এই অস্ত্রোপচারে উপস্থিত ছিলেন ইএনটি বিশেষজ্ঞ চিকিৎসক ডা. লক্ষণ ভট্টাচার্য ও ডা. সুব্রত বিশ্বাস। তার সঙ্গে ছিলেন অ্যানেস্থেসিওলজিস্ট ডা. প্রদীপ জমাতিয়া এবং নার্সিং অফিসার ছিলেন চন্দনা পাল। বর্তমানে রোগিণী সম্পূর্ণ সুস্থ আছেন। গত ৭ মার্চ তাকে আইজিএম হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। হাসপাতালের পক্ষ থেকে সমস্ত পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনীয় ওষুধপত্র বিনামূল্যে প্রদান করা হয়। এই রোগিণীর পরিবার ও আত্মীয়-পরিজনরা আগরতলার আইজিএম হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের আন্তরিক ও কৃতজ্ঞতা জানান। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
